# Times Today BD

অভিজিৎ মজুমদার | দেশজুড়ে | 06 May, 2025

নাটোর শহরের কানাইখালী এলাকায় অবস্থিত ওয়ালটন প্লাজার একটি শোরুমে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।মঙ্গলবার (৬ মে) ভোর ৬টার দিকে এই অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়।

খবর পেয়ে নাটোর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে প্রায় দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

নাটোর ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন মাস্টার আখতার হামিদ জানান, বদ্ধ ঘর হওয়ায় ভেতরে প্রচুর ধোঁয়া জমে গিয়েছিল, যা আগুন নিয়ন্ত্রণে জটিলতা সৃষ্টি করে।তিনি জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে–বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকেই আগুনের সূত্রপাত হয়েছে।

ওয়ালটনের কানাইখালী শাখার ম্যানেজার দেওয়ান শাহ আলম বলেন, অগ্নিকাণ্ডে আনুমানিক ১৫ লাখ টাকার ক্ষতি হয়েছে।তবে ফায়ার সার্ভিস ও স্থানীয়দের সহযোগিতায় অনেক মালামাল দ্রুত বাইরে বের করে আনা সম্ভব হয়েছে, না হলে ক্ষয়ক্ষতির পরিমাণ আরও অনেক বেশি হতে পারত।

এদিকে, অগ্নিকাণ্ডের খবর পেয়ে নাটোর সদর থানা পুলিশ এবং নাটোর সেনা ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

নাটোর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:16

URL: https://www.timestodaybd.com/across-the-country/1998775807